

সভাপতি : জনাব ফরিদা ইয়াসমিন
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।

স্থান : উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।

তারিখ : ০৯/০৪/২০২২ খ্রি.

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা :

- ০১। জনাব খন্দকার ইফতেখার মোহাম্মদ (ইকু), চেয়ারম্যান, কৈজুরী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০২। জনাব শামসুন নাহার মুহিত, চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৩। জনাব আবু সাঈদ চৌধুরী বারী, চেয়ারম্যান, অম্বিকাপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৪। জনাব ফকির মোঃ বেলায়েত হোসেন, চেয়ারম্যান, কানাইপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৫। জনাব মেহেদী হাসান মিন্টু, চেয়ারম্যান, ডিক্রিরচর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।

উপজেলা শিক্ষা অফিসার মহোদয় উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির গত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান এবং তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

ক্রমিক নং	আলোচ্য সূচী	আলোচনা	প্রস্তাবিত সিদ্ধান্ত/সুপারিশ	দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি/ বাজেটের উৎস
১	ফরিদপুর সদর উপজেলার ৬৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশরুমক মেরামত ও সংস্কার কাজ সম্পর্কে আলোচনা।	অধ্যকার সভায় উপজেলা শিক্ষা অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর জানান যে, অত্র উপজেলায় ৬৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশরুমক মেরামত ও সংস্কার কাজ বাবদ ১২৮০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ৬৮টি বিদ্যালয়ের বরাদ্দের অনুকূলে প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পন্ন করা হয়েছে।	সংশ্লিষ্ট ৬৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাপ্ত বরাদ্দকৃত ওয়াশরুমকের টাকা যেন প্রাক্কলন অনুযায়ী সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে ব্যাপারে সকল সদস্য সহযোগিতা করবেন বলে সিদ্ধান্ত গৃহিত হয়।	স্থায়ী কমিটির সদস্যগণ উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলাশিক্ষা অফিসারগণ, প্রধান শিক্ষক, এস.এম.সির সদস্যবৃন্দ ও সহকারি শিক্ষকবৃন্দ।
২	১৪৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিখন সামগ্রীর বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত।	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় ১৪৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিখন সামগ্রী ক্রয়ের জন্য প্রতিটি বিদ্যালয়ে ১০,০০০/- দশ হাজার টাকা হারে মোট ১৪,৭০,০০০/- চৌদ্দ লক্ষ সত্তর হাজার টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাক-প্রাথমিকের জন্য প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সামগ্রী ক্রয়ের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপস্থিত সকল সদস্যবৃন্দ উল্লিখিত ১৪৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিখন সামগ্রী নীতিমালা অনুযায়ী ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	উপজেলার রাজস্ব/রাজস্ব উদ্ধৃত/ উন্নয়ন তহবিল
৩	আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা বিষয়ে আলোচনা।	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় ১৪৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন বিষয়ে বিষদ আলোচনা করা হয়। আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২২ এর উপজেলা পর্যায়ের অনুষ্ঠান পরিচালনায় ২০,০০০/- টাকা ঘাটতি রয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব ও উন্নয়ন বাজেট থেকে এই ঘাটতি পূরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।	উপস্থিত সকল সদস্যবৃন্দ উল্লিখিত ১৪৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	উপজেলার রাজস্ব/রাজস্ব উদ্ধৃত/ উন্নয়ন তহবিল
৪	জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন বিষয়ে বিষদ আলোচনা করা	উপস্থিত সকল সদস্যবৃন্দ উল্লিখিত জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন ব্যাপারে	উপজেলার রাজস্ব/রাজস্ব উদ্ধৃত/ উন্নয়ন তহবিল

বিষয়ে আলোচনা।	হয়। জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা এর উপজেলা পর্যায়ের অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার বিষয়ে বিশদ আলোচনা করা হয়।	সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।
----------------	---	--------------------------------------

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফরিদা ইয়াসমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফরিদপুর সদর, ফরিদপুর।

ও

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ফরিদপুর সদর, ফরিদপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৩। জনাব প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৪। সংরক্ষণ নথি।



উপজেলা শিক্ষা অফিসার
ফরিদপুর সদর, ফরিদপুর।

ও

সদস্য সচিব

প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ফরিদপুর সদর, ফরিদপুর।